যুগান্তর

# প্রতিষ্ঠানের এমপিওভুক্তি নয় শিক্ষাব্যবস্থার জাতীয়করণ দাবি

প্রকাশ : ২৭ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

ঢাবি প্রতিনিধি

শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্ত না করে শিক্ষাব্যবস্থার জাতীয়করণ করার দাবি জানিয়েছে ‘মুভমেন্ট ফর ওয়ার্ল্ড এডুকেশন রাইটস’ নামক একটি সংগঠন। শনিবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির কার্যালয়ে এক সংবাদ সম্মেলন থেকে এ দাবি জানিয়েছে সংগঠনটি। এতে লিখিত বক্তব্য পাঠ করেন মুভমেন্ট ফর ওয়ার্ল্ড এডুকেশন রাইটসের আহ্বায়ক ফারুক আহমাদ আরিফ। এ সময় তার সঙ্গে সংগঠনটির অন্য সদস্যরা উপস্থিত ছিলেন।

লিখিত বক্তব্যে বলা হয়, বর্তমানে নি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকে ৯৭ শতাংশ শিক্ষাব্যবস্থা বেসরকারিদের হাতে এবং সমগ্র শিক্ষাব্যবস্থার প্রায় ৭০ শতাংশ বেসরকারি। এর মাধ্যমে শিক্ষা পণ্যে পরিণত হচ্ছে। যার অর্থ আছে সেই ব্যক্তি বা পরিবার শিক্ষা নিতে সক্ষম হচ্ছে। আর পুরো জাতি ক্ষতির সম্মুখীন হচ্ছে। অথচ সংবিধানের ১৫, ১৬ ও ১৭ অনুচ্ছেদে শিক্ষাসহ ১৬টি বিষয়কে মৌলিক অধিকার হিসেবে লিপিবদ্ধ করা হয়েছে। সংবাদ সম্মেলনে মুভমেন্ট ফর ওয়ার্ল্ড এডুকেশন রাইটসের পক্ষ থেকে শিক্ষাব্যবস্থার জাতীয়করণসহ বেশ কয়েকটি দাবি জানানো হয়। সেগুলো হল- শিক্ষার্থীদের শিক্ষা ঋণ দিতে হবে, যা কর্মজীবনে পর্যায়ক্রমে পরিশোধ করবে; প্রতিষ্ঠিত ব্যক্তি, শিল্প-কারখানা, প্রতিষ্ঠান তাদের এক বছরের লাভের হাজারে ৫ টাকা বিনা স্বার্থে শিক্ষা খাতে বিনিয়োগ করবে, সেই অর্থে সরকার ‘এডুকেশন ব্যাংক’ নামে শুধু শিক্ষাসংক্রান্ত ব্যাংক চালু করবে; বেসরকারি সব শিক্ষাপ্রতিষ্ঠান ও এর শিক্ষার্থীরা ব্যাংকে অর্থ জমা দেবে, প্রাপ্ত সমুদয় অর্থ প্রতিষ্ঠানগুলো সরকারকে দিয়ে দেবে, সরকার সেসব অর্থে আপাতত শিক্ষাব্যয় নির্বাহ করবে ও সংরক্ষণ করে ২০৪১ সালে শিক্ষা ও স্বাস্থ্য খাত সর্ম্পূর্ণ রাষ্ট্রীয় অর্থায়নে বিনামূল্যে প্রদান করবে; এসব কার্যক্রম মনিটরিং করতে শিক্ষার্থীদের প্রতিনিধি, প্রতিষ্ঠানগুলোর প্রতিনিধি ও সরকারি প্রতিনিধিদের নিয়ে কার্যকরী কমিটি গঠন করতে হবে এবং কর্মসংস্থানের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

---

ভারপ্রাপ্ত সম্পাদক : **সাইফুল আলম**, প্রকাশক : **সালমা ইসলাম**

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

---

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।